

সারাদেশ

রেড ক্রিসেন্ট ব্রাহ্মণবাড়িয়া ইউনিট নির্বাচনে ভাইস চেয়ারম্যান শাহীন, সেক্রেটারি মিজানুর

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ০৬ সেপ্টেম্বর ২০২৬, ০২:০৫ PM

রেডক্রিসেন্ট ব্রাহ্মণবাড়িয়া ইউনিটের নবনির্বাচিত কমিটি



প্রায় ১৫ বছর পর বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ব্রাহ্মণবাড়িয়া ইউনিটের কার্যকরী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এতে ভাইস চেয়ারম্যান পদে মো. আসাদুজ্জামান শাহীন এবং সেক্রেটারি পদে মোহাম্মদ মিজানুর রহমান নির্বাচিত হয়েছেন।

গতকাল শনিবার সকাল ৯টায় ব্রাহ্মণবাড়িয়া উচ্চবিদ্যালয়ে ভোট গ্রহণ শুরু হয়। ভোটারদের উপস্থিতি বেশি থাকায় নির্ধারিত সময়ের চেয়ে এক ঘণ্টা বাড়িয়ে বিকেল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ করা হয়।

এরপর শুরু হয় ভোট গণনা। রাত ২টা পর্যন্ত গণনা চলে। পরে প্রধান নির্বাচন কমিশনার ও জেলা বিএনপির সহসভাপতি অ্যাডভোকেট মো. শফিকুল ইসলাম ভাইস চেয়ারম্যান ও সেক্রেটারি পদে বিজয়ীদের নাম ঘোষণা করেন। তখনও কার্যকরী কমিটির পাঁচটি সদস্য পদের ভোট গণনা চলছিল।

নির্বাচন কমিশনের প্রকাশিত ফল অনুযায়ী, ভাইস চেয়ারম্যান পদে মো. আসাদুজ্জামান শাহীন ১ হাজার ৯৭৮ ভোট পেয়েছেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী এ বি এম মোমিনুল হক পেয়েছেন ১ হাজার ৬৬৪ ভোট। অপর প্রার্থী ডা. ফরিদ উদ্দিন আহমেদ পেয়েছেন ৪৭৪ ভোট।

সেক্রেটারি পদে মোহাম্মদ মিজানুর রহমান ২ হাজার ৩৮ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। এ পদে মাহবুবুর রহমান ৭৭৩, লুৎফুল হাই ভূইয়া ৪২৮, কামরুল ইসলাম ৩৪৯ এবং অ্যাডভোকেট শাহ ওয়াসিম পারভেজ ২৭৮ ভোট পেয়েছেন।

কার্যকরী সদস্য পদে নির্বাচিত পাঁচজন হলেন সাইদ হাসান সানি, আশিকুল ইসলাম সুমন, রুমেল উদ্দিন আহমেদ, তানভীর রুবেল ও মহিবুল ইসলাম ডিকন।

নির্বাচন কমিশন সূত্রে জানা যায়, ২০২৬-২০২৮ মেয়াদের কার্যনির্বাহী কমিটির ভাইস চেয়ারম্যান, সেক্রেটারি ও পাঁচটি সদস্য পদে মোট ৪৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। এর মধ্যে ভাইস চেয়ারম্যান পদে ৩, সেক্রেটারি পদে ৫ এবং পাঁচটি সদস্য পদে ৩৭ জন প্রার্থী ছিলেন।

এবার নির্বাচনে মোট ভোটার ছিলেন ১০ হাজার ৬৪৫ জন। তাঁদের মধ্যে আজীবন সদস্য ৯ হাজার ৪৬৬ এবং বার্ষিক সদস্য ১ হাজার ১৭৯ জন। ভোট দিয়েছেন মোট ৪ হাজার ১৬২ জন।

নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন জেলা বিএনপির সহসভাপতি অ্যাডভোকেট মো. শফিকুল ইসলাম। নির্বাচন কমিশনার ছিলেন ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মোশররফ হোসেন ও জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক শামসুজ্জামান চৌধুরী।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরির ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/red-krisent-brahmnbariya-iunit-nirbachne-bhais-cheyarmjan-shahin-sekretari-mijanur>